

Introduction to the municipality

Satkhira Municipality established in Satkhira district headquarter was established as the first municipality of Khulna division of 31.10 sq km area in 1869. In 1998, Patithan was promoted to the first class.

❖ শ্ৰেণীপট

সাতক্ষীরা জেলা সদরে অবস্থিত সাতক্ষীরা পৌরসভা ১৮৬৯ সনে ৩১.১০ বর্গ কিঃ মিঃ আয়তন বিশিষ্ট খুলনা বিভাগের প্রথম পৌরসভা হিসাবে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠাকালীন সময়ে “ গ ” শ্রেণীভুক্ত পৌরসভা হিসাবে প্রতিষ্ঠিত হইলেও ১৯৯৮ সনে প্রতিষ্ঠানটি প্রথম শ্রেণীতে উন্নীত হয়। পৌরসভার উত্তরে গাবসা ইউনিয়ন, দক্ষিণে ফিংড়ী ইউনিয়ন, পূর্বে ধুগিহর ব্রহ্মরাজপুর ইউনিয়ন এবং পশ্চিমে আগরদাঁড়ি ও আলিপুর ইউনিয়ন অবস্থিত। কাটিয়া, সাতক্ষীরা, পলাশপোশ, রামদেবপুর, সুলতানপুর, দহাবুলা ও রসুলপুর এই ০৭টি মৌজা এবং ০৯টি ওয়ার্ডের সমন্বয়ে সাতক্ষীরা পৌরসভা গঠিত। বাংলাদেশের দক্ষিণপশ্চিম অংশে অবস্থিত সীমান্ত শহর সাতক্ষীরা রাজধানী ঢাকা থেকে প্রায় ৩০০.০০ কিঃ মিঃ এবং বিভাগীয় শহর খুলনা থেকে ৬০.০০ কিঃ মিঃ দূরে অবস্থিত। সাতক্ষীরা শহরের দক্ষিণ অংশে ৮০.০০ কিঃ মিঃ দূরে ম্যানগ্রোভ ফরেস্ট হিসাবে খ্যাত সুন্দরবন এবং বঙ্গোপসাগর অবস্থিত। সাতটি প্রধান নদী, সাতজন বড় জমিদারের অবস্থান এবং সাতজন পীর আউলিয়ার অবস্থান জনিত কারণে জেলাটির নামকরণ হয়েছে বঙ্গোপসাগর করণ স্থানীয় জনগন। রাজা লক্ষণ সেন, রাজা প্রতাপাদিত্য সহ বেশ কিছু বড় বড় রাজা তৎকালীন সময়ে সুন্দরবন সংলগ্ন সাতক্ষীরা শাসন করেছেন। সাতক্ষীরা পৌর এলাকায় অবস্থানকারী তৎকালীন জমিদার প্রাণ নাথ রায় চৌধুরীর প্রচেষ্টায় ১৮৬৯ সালে সাতক্ষীরা পৌরসভা প্রতিষ্ঠিত হয় এবং তিনি ছিলেন সাতক্ষীরা পৌরসভার প্রথম সভাপতি।

❖ ভিশন ২০২৫

সাতক্ষীরা পৌরসভাকে ২০২৫ সালের মধ্যে সকল প্রকার নাগরিক মৌলিক সুযোগ সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে সকল প্রকার অবকাঠামো উন্নয়ন সাধন, দারিদ্র মুক্ত, বর্জ্য দূষণ মুক্ত, মাদক মুক্ত, পরিবেশ বান্ধব, আর্থিক ও প্রাতিষ্ঠানিক ভাবে দক্ষ, পর্যটন শিল্প সমৃদ্ধ, পরিকল্পিত, নিরাপদ এবং আধুনিক নগর হিসেবে গড়ে তুলতে চাই।

❖ মিশন

- পরিকল্পিত আধুনিক পর্যটন শিল্প নগরী গড়ে তোলার লক্ষ্যে মহা-পরিকল্পনার আওতায় ভূমি ব্যবহার পরিকল্পনা, রোড নেটওয়ার্ক পরিকল্পনাসহ পরিবহন ও যানবাহন ব্যবস্থাপনা পরিকল্পনা, পানি নিষ্কাশন (ড্রেনেজ) ও পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন এবং তদানুযায়ী শিল্প প্রতিষ্ঠানসহ সকল প্রকার স্থাপনা নির্মাণ ও পরিচালনা নিয়ন্ত্রণ করা;
- নাগরিক সেবা সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে মান-সম্পন্ন সকল প্রকার ভৌত অবকাঠামো ও নাগরিক সেবা প্রদান করা;
- নিরাপদ শহর গড়ার লক্ষ্যে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ কর্মসূচী গ্রহণ করা;
- আর্থিক ও প্রাতিষ্ঠানিকভাবে দক্ষ ও স্বয়ং সম্পূর্ণ পৌরসভা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় জনবল নিয়োগ এবং প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাসহ পৌরসভার সকল পরিচালনা ব্যবস্থার উন্নয়ন ও সংস্কার করা।

কনটেন্টটি শেয়ার করতে ক্লিক করুন